রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ২৯, ২০২৬**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

## আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, M/s. Confia (কনফিয়া), রেজিস্ট্রেশন নং P-56097/2025, নিবন্ধনের তারিখ ১৫-১০-২০২৫ খ্রিষ্টাব্দ, যার নিবন্ধিত কার্যালয় প্লট ২৭, ৬ষ্ঠ তলা (লিফট ৬), রোড ১২, ব্লক এইচ, বনানী, পোস্টকোড ১২১৩, ঢাকা, বাংলাদেশ, একটি নিবন্ধিত অংশীদারি ব্যবসা। অংশীদারি ব্যবসাটি প্রতিষ্ঠালগ্ন থেকে যারীন তাসনিম মীম (৫০%), মোঃ সিফাত হোসেন (৩৫%) এবং মোঃ মঈনুর রহমান (১৫%)-এর অংশীদারিত্বে পরিচালিত হয়ে আসছিল। পরবর্তীতে অংশীদার মোঃ সিফাত হোসেন অংশীদার পদ হতে অবসর গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেন এবং তাঁর মালিকানাধীন ৩৫% (পঁয়ত্রিস শতাংশ) অংশীদারিত্ব মোঃ মঈনুর রহমান-এর নিকট হস্তান্তরের প্রস্তাব প্রদান করেন। অতঃপর ২৬-০৭-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত অংশীদারগণের সভায় সর্বসম্মতিক্রমে মোঃ সিফাত হোসেন-এর অবসর গ্রহণ, তাঁর ৩৫% অংশীদারিত্ব মোঃ মঈনুর রহমান-এর নিকট হস্তান্তর এবং ফার্মের পুনর্গঠন (Reconstition) অনুমোদিত হয়। এর ফলে ২৬-০৭-২০২৬ তারিখ থেকে ফার্মটি যারীন তাসনিম মীম (৫০%) এবং মোঃ মঈনুর রহমান (৫০%)-এর সমান অংশীদারিত্বে পুনর্গঠিত (Reconstituted) হয়েছে এবং পূর্বের ন্যায় M/s. Confia (কনফিয়া) নামেই ব্যবসা পরিচালনা অব্যাহত থাকবে। অতএব, ২৬-০৭-২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ হতে মোঃ সিফাত হোসেন অংশীদারি ব্যবসাটির কোনো অংশীদার, প্রতিনিধি বা অনুমোদিত ব্যক্তি নন। উক্ত তারিখের পর অংশীদারি ব্যবসার পক্ষে তাঁর সঙ্গে সম্পাদিত কোনো লেনদেন, চুক্তি বা ব্যবসায়িক কার্যক্রমের জন্য M/s. Confia (কনফিয়া) বা এর বর্তমান অংশীদারগণ কোনোভাবেই দায়ী থাকবেন না।

এই পুনর্গঠন (Reconstitution) সম্পর্কে যদি কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার কোনো আপত্তি, দাবি বা স্বার্থ-সংশ্লিষ্ট বিষয় থাকে, তবে এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য-প্রমাণসহ লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**মোঃ মঈনুর রহমান**
ব্যবস্থাপনা অংশীদার
কনফিয়া।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০